গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা
www.mor.gov.bd

**রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতির খসড়া প্রণয়ন সংক্রান্ত জিপিএমএস টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রূপম আনোয়ার<br>অতিরিক্ত সচিব ও লিম লিডার, GPMS |
| সভার তারিখ | ১২ অক্টোবর, ২০২৫ |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার কার্যক্রম উপস্থাপনের জন্য উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা) ও ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করেন। তিনি সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতির খসড়া সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। জিপিএমএস এর সেকশন-১ অনুযায়ী ০৩ বছর মেয়াদী পরিকল্পনা প্রণয়ন | উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট সভায় জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) খসড়া প্রস্তুতকরণের জন্য ২৬ অক্টোবর ২০২৫ চুড়ান্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের ০৩ বছরের পরিকল্পনা নির্ধারণ করা প্রয়োজন।<br><br>সভাপতি জানান সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) খসড়া প্রস্তুতকরণের জন্য মন্ত্রণালয়ের ০৩ বছরের পরিকল্পনা নির্ধারণ করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, জিআইবিআর ও বাংলাদেশ রেলওয়ের এ সংক্রান্ত তথ্য প্রয়োজন। আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে তথ্য প্রেরণের জন্য সংশ্লিস্টদের অনুরোধ করা যেতে পারে। | আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, জিআইবিআর ও বাংলাদেশ রেলওয়ে কে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) ০৩ বছরের পরিকল্পনা নির্ধারণ সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা<br>২। সকল অনুবিভাগ প্রধান, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা<br>৩। জিআইবিআর, ফুলবাড়িয়া, ঢাকা<br>৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা<br>৫। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট, জিপিএমএস |

| | | | |
|---|---|---|---|
| ২। জিপিএমএস এর সেকশন-২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কর্ম সম্পাদন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ | উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট সভায় জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) এর সেকশন-২ প্রস্তুতকরণের জন্য পরিকল্পনা অনুযায়ী ০৪ টি সেকশন- (ক) সেবা প্রদান (খ) নীতি ও সংস্কার কার্যক্রম (গ) প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা এবং (ঘ) উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম বিষয়ে মোট পূর্ণ মান ৮০ নম্বরের ভিত্তিতে কর্ম সম্পাদন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণের নির্দেশনা রয়েছে।<br><br>সভাপতি জানান সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) সেকশন-২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কর্ম সম্পাদন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, জিআইবিআর ও বাংলাদেশ রেলওয়ের এ সংক্রান্ত তথ্য প্রয়োজন। আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে তথ্য প্রেরণের জন্য সংশ্লিস্টদের অনুরোধ করা যেতে পারে। | আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে সেকশন-২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কর্ম সম্পাদন পরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, জিআইবিআর ও বাংলাদেশ রেলওয়ে কে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা<br>২। সকল অনুবিভাগ প্রধান, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা<br>৩। জিআইবিআর, ফুলবাড়িয়া, ঢাকা<br>৪। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা<br>৫। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট, জিপিএমএস |
| ৩। জিপিএমএস এর সেকশন-৩ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কৌশলগত বিষয়ে প্রতিবেদন প্রস্তুতকরণ | উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট সভায় জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) এর সেকশন-৩ অনুযায়ী কৌশলগত বিষয়ে ২২০০ শব্দের মধ্যে প্রতিবেদন প্রস্তুতকরণের জন্য নির্দেশনা রয়েছে।<br><br>সভাপতি জানান সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) সেকশন-৩ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কৌশলগত বিষয়ে প্রতিবেদন প্রস্তুতকরণের জন্য প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে কে আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে প্রয়োজনীয় তথ্য প্রেরণের অনুরোধ করা যেতে পারে। | আগামী ১৫ অক্টোবর ২০২৫ এর মধ্যে জিপিএমএস এর সেকশন-৩ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের কৌশলগত বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা<br>২। উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট, জিপিএমএস |

| | | | |
|---|---|---|---|
| ৪। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) বিষয়ে সেমিনার আয়োজন | উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট সভায় জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) এর খসড়া উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে একটি সেমিনার আয়োজন করা প্রয়োজন।<br><br>সভাপতি জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) খসড়া প্রণয়ন বিষয়ে মন্ত্রণালয়ের আয়োজনে আগামী ২১ বা ২২ অক্টোবর ২০২৫ সুবিধাজনক সময়ে সেমিনার আয়োজন করা যেতে পারে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা আলোকে রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থার (জিপিএমএস) খসড়া প্রণয়ন বিষয়ে মন্ত্রণালয়ের আয়োজনে আগামী ২১ বা ২২ অক্টোবর ২০২৫ সুবিধাজনক সময়ে সেমিনার আয়োজন করতে হবে। | উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) ও ফোকাল পয়েন্ট, জিপিএমএস |

২.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩-১০-২০২৫
মোঃ রূপম আনোয়ার
অতিরিক্ত সচিব ও লিম লিডার, GPMS

**নম্বর:** ৫৪.০০.০০০০.০০০.০৩৪.৩১.০০০৭.২৫.৩৪৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।।
৩। যুগ্মসচিব, আইন ও ভূমি অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, আইসিটি ও অডিট অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
৬। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
৭। সরকারি রেল পরিদর্শক, সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।।
৮। উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
৯। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।
১২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়।

১৩-১০-২০২৫
মোহাম্মদ জামাল হোসেন
উপসচিব ও ফোকাল পয়েন্ট, GPMS টিম